কালের কণ্ঠ

তারিখ : 14 APR 2018
পৃষ্ঠা ৬ কলাম ৭

# নারায়ণগঞ্জে ভুয়া প্রশ্নপত্র ফাঁসচক্রের চার সদস্য আটক

নারায়ণগঞ্জ প্রতিনিধি ▷

নারায়ণগঞ্জের আদমজীতে র‍্যাব-১১-এর সদস্যরা পৃথক অভিযান চালিয়ে এইচএসসি পরীক্ষার ভুয়া প্রশ্নপত্র ফাঁসচক্রের চার সদস্যকে আটক করেছে। গতকাল শুক্রবার রাজধানীর খিলগাঁওয়ের, বনশ্রী ও মিরপুর এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটক ব্যক্তিরা হলো মো. ইয়াসির আরাফাত ওরফে সাউদ, জুবায়ের আহমেদ জাবের, মো. রমজান আলী টিটু ও মাহমুদ হাসান ওরফে প্রচ্ছদ।

তাদের কাছ থেকে ভুয়া প্রশ্নপত্র প্রচার ও বিক্রির কাজে ব্যবহৃত ১৪টি মোবাইল, বিকাশে প্রশ্ন বিক্রির টাকা লেনদেনে ব্যবহৃত ১৭টি সিম কার্ড, তিনটি মেমোরি কার্ড, ট্যাব, ল্যাপটপ, কম্পিউটার, হার্ডডিস্ক, পেনড্রাইভ ও ব্লুটুথ ডিভাইস উদ্ধার করা হয়।

র‍্যাব জানায়, চক্রটি এক বছরের বেশি সময় ধরে ফেসবুক, ম্যাসেঞ্জার ও হোয়াটসঅ্যাপের মাধ্যমে ভুয়া প্রশ্নপত্র প্রচার ও বিক্রি করে আসছে। এ বছরের এইচএসসি পরীক্ষার ভুয়া প্রশ্ন ফাঁসের আগে গত বছর এসএসসি ও এইচএসসি পরীক্ষায়ও প্রশ্নপত্র ফাঁসে তারা জড়িত ছিল।